

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪২২

জম্পুইজলা, ৯ জানুয়ারি, ২০২৫

১৯ জানুয়ারি জম্পুইজলায় কক্ষবরক দিবস

জম্পুইজলা মহকুমাভিত্তিক কক্ষবরক দিবস উদযাপন উপলক্ষে আজ সকালে মহকুমা শাসক কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় ১৯ জানুয়ারি কক্ষবরক দিবস উদযাপনের মূল অনুষ্ঠানটি জম্পুইজলা দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। এর আগে মহকুমার বুখুরুঠ কমিউনিটি হল থেকে জম্পুইজলা দ্বাদশ শ্রেণি বিদ্যালয় পর্যন্ত এক বর্ণাত্য র্যালি অনুষ্ঠিত হবে। তাছাড়া এ উপলক্ষে ঐদিন সাংস্কৃতিক অনুষ্ঠান, কক্ষবরক কবিতা ও গল্প লিখন প্রতিযোগিতা, দেশীয় খাদ্য উৎসব করার পাশাপাশি বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টলও খোলা হবে। আজকের এই সভায় বিধায়ক বিশ্বজিৎ কলই সহ মহকুমা কার্যালয়ের ডিসিএমগণ, বিভিন্ন দপ্তরের আধিকারিক ও সামাজিক সংগঠনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।
